যায়যায়দিন

তারিখ 31 JAN 2009
পৃষ্ঠা ...১... কলাম ...২...

সিলেটে শিক্ষামন্ত্রী

# কৃত্রিম বই সঙ্কট সৃষ্টিকারীদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হবে

সিলেট অফিস/গোলাপগঞ্জ সংবাদদাতা



তত্ত্বাবধায়ক সরকারের দুর্বল সিস্টেমের কারণে মাধ্যমিক পর্যায়ে বই সঙ্কটের সৃষ্টি হয়েছে। আর এর দায় পড়েছে বর্তমান সরকারের ওপর। তবে কৃত্রিম বই সঙ্কটের জন্য যারা দায়ী তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হবে। গতকাল সিলেটের গোলাপগঞ্জে আয়োজিত বিভিন্ন অনুষ্ঠানে বক্তৃতাকালে শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ এ কথা বলেন। শিক্ষামন্ত্রী নিযুক্ত হওয়ার পর নাহিদ গতকালই প্রথম তার নির্বাচনী এলাকায় আসেন। তার আগমনকে ঘিরে...

পৃঃ ১১ কলাম ৩

## কৃত্রিম বই সঙ্কট

*(প্রথম পৃষ্ঠার পর)*

ছিল উৎসবের আমেজ। তিনি জানান, কুদরাত-ই-খুদা শিক্ষা কমিশনের আলোকে বর্তমান সরকার একটি যুগোপযোগী শিক্ষানীতি প্রণয়ন করার উদ্যোগ নিয়েছে।

শিক্ষামন্ত্রী দুপুর ২টায় গোলাপগঞ্জে এমসি একাডেমি স্কুল ও কলেজ প্রাঙ্গণে আয়োজিত এক অনুষ্ঠানে বক্তব্য রাখেন। ইউএনও নাজমুল আবেদীনের সভাপতিত্বে এতে বিশেষ অতিথি ছিলেন সিলেট শিক্ষাবোর্ডের চেয়ারম্যান ড. এস এম আব্দুল খালেক।

বক্তব্য রাখেন নবনির্বাচিত উপজেলা চেয়ারম্যান ইকবাল আহমদ চৌধুরী, পৌর মেয়র জাকারিয়া আহমদ পাপলু, ভাইস চেয়ারম্যান হুমায়ুন ইসলাম কামাল ও নাজিরা বেগম শীলা, ইউপি চেয়ারম্যান মজির উদ্দিন চাকলাদার, মো. আব্দুল মছব্বির, মো. শরফ উদ্দিন ও নাসিরুল হক শাহীন, অধ্যক্ষ রেজাউল আমীন, উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক রফিক উদ্দিন আহমদ, আমির উদ্দিন সাদেক, প্রভাষক বদরুল ইসলাম শুয়েব, এনামুল হক রুয়েল, খায়রুল হক ও এম এ ওয়াদুদ এমরুল।

তিনি পরে ঢাকা দক্ষিণ উচ্চ বিদ্যালয় ও কলেজ এবং গোলাপগঞ্জের সরকারি কর্মকর্তাদের সঙ্গে পৃথক দুটি অনুষ্ঠানে যোগদান করেন।

আজ তিনি বিয়ানীবাজারে বিভিন্ন কর্মসূচিতে যোগ দেবেন।